

জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

সূত্র নং-০৬(১০১) জাতীয় বিশ্ববিদ্যালয়/কর্তৃ/৯৯/২/২৬৪০ তারিখ: ১১-০১-২০০৩
**২০০২-২০০৩ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী সমন্বিত বিএসসি, অনার্স-
ইন-কম্পিউটার সায়েন্স-এ ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি**

ক) ভর্তির ফরম সংগ্রহ ও আবেদন:
২০০২-২০০৩ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ইনস্টিটিউট/কলেজে সমন্বিত কম্পিউটার বিজ্ঞান ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির জন্য প্রাথমিক আবেদনপত্রের ফরম শিক্ষার্থীকে যে ইনস্টিটিউট/কলেজে ভর্তি হতে ইচ্ছুক সেই প্রতিষ্ঠানের অফিস থেকে ০১-০২-০৩ তারিখ হতে ২০-০২-০৩ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে এবং পূরণকৃত ফরম ২৪-০২-০৩ তারিখের মধ্যে সর্বশেষ ইনস্টিটিউট/কলেজে জমা দিতে হবে। প্রাথমিক আবেদনপত্র সংগ্রহের সময় পরীক্ষার ফিস বাবদ ২০০/- (দুই শত) টাকা সর্বশেষ ইনস্টিটিউট/কলেজে জমা দিতে হবে।

খ) প্রাথমিক প্রাথমিক যোগ্যতা:
১) শুধুমাত্র ২০০১-২০০২ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পণিত ও পদার্থবিদ্যাসহ বিজ্ঞান শাখার উভয় পরীক্ষায় বিত্তীয় বিভাগে উত্তীর্ণ ছাত্রছাত্রীরা কম্পিউটার সায়েন্স কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে উল্লেখ থাকবে যে, বাধ্যতামূলকভাবে উচ্চ মাধ্যমিক পর্যায়ে পণিতে ৪৫% নম্বর থাকতে হবে।
২) কারিগরী শিক্ষাবোর্ড-এর ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সে পণিতসহ ২য় বিভাগে উত্তীর্ণ ছাত্রছাত্রীরা কম্পিউটার সায়েন্স-এ অনার্স কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
৩) ২ (দুই) বছরের ডকুমেন্টাল কোর্সে পণিত ও পদার্থবিদ্যাসহ ২য় বিভাগে উত্তীর্ণ ছাত্রছাত্রীরা কম্পিউটার সায়েন্স-এ অনার্স কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
৪) পদার্থবিদ্যা ও পণিত বিষয়ধারী A সেভেল এবং O সেভেল পাস করা ছাত্রছাত্রীগণ আবেদন করতে পারবে।
৫) জিসিই O সেভেল পরীক্ষার অন্তত ৩টি বিষয়ে এবং ২০০০ ও ২০০১ সালে A সেভেল পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্রছাত্রীগণও কম্পিউটার সায়েন্স-এ অনার্স কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে তাদেরকে O সেভেল এবং A সেভেল পরীক্ষায় যেট ৫টি বিষয়ের মধ্যে কমপক্ষে ৩টি বিষয়ে 'বি' গ্রেড এবং অন্য ২টি বিষয়ের 'সি' গ্রেড গ্রাণ হতে হবে।
৬) উচ্চ মাধ্যমিক পর্যায়ে (মানবিক ও বাণিজ্য এবং) কম্পিউটার সায়েন্স বিষয় নিয়ে পাস করা ছাত্রছাত্রীগণ আবেদন করতে পারবে। তবে উচ্চ মাধ্যমিক পর্যায়ে পণিতে বিগত ৯৫% নম্বর থাকতে হবে।

গ) ভর্তি পরীক্ষা:
১। প্রাথমিক আবেদনপত্র জমা দেওয়ার সময় প্রার্থীকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র দেওয়া হবে। এই প্রবেশপত্র সঙ্গে না থাকলে কোন প্রার্থীই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
২। ভর্তি পরীক্ষা ১৪-০৩-২০০৩ তারিখে সকাল দশটা হতে এগারোটা (১০-১১টা) পর্যন্ত সময়ে অনুষ্ঠিত হবে।
৩। পরীক্ষার আগের দিন কলেজ অফিস থেকে প্রার্থীকে তার পরীক্ষার নির্দিষ্ট স্থান (কেন্দ্র) জানে নিতে হবে।
৪। স্বাক্ষরবিহীন বা অসম্পূর্ণ প্রাথমিক আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। ভুল তথ্য সরবরাহ করলে ভর্তি বাতিল করা হবে।
৫। ভর্তি পরীক্ষায় যেট ১০০ নম্বরের মধ্যে এমসিকিউ (MCQ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।
৬। পরীক্ষার জন্য একতরফা সময় নির্ধারিত থাকবে। পরীক্ষার OMR উত্তরপত্র বিশ্ববিদ্যালয় সরবরাহ করবে।
৭। লিখিত পরীক্ষা ১০০ নম্বরের ভিত্তিতে হবে। নিম্নে বিধিসম্মিত নম্বর বণ্টন করা হবে:
১। ইংরেজি - ২০ (পাসের নম্বর ন্যূনতম ৫)
২। বাংলা - ২৫
৩। পদার্থবিদ্যা - ২৫
৪। পণিত - ১০
৫। সাধারণ জ্ঞান - ২০

৮। ভর্তি পরীক্ষা যেট ২০০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। লিখিত পরীক্ষা ১০০ নম্বরের এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গ্রাণ যেট ১০০ নম্বরের মান যথাক্রমে এসএসসিতে ৪০ এবং এইচএসসিতে ৬০ ধরা হবে (চতুর্থ বিষয়ের নম্বর ব্যতীত)।
৯। লিখিত পরীক্ষায় ১০০-এর মধ্যে ৪০ নম্বর পেতে হবে।
১০। সরবরাহকৃত OMR উত্তরপত্রেই গ্রন্থের উত্তর চিহ্নিত করতে হবে। পরীক্ষার সময় অতিরিক্ত কোন খাতা দেয়া হবে না।
ঘ) SIF (Student's Information Form) পূরণের নির্দেশাবলী:
প্রাথমিক আবেদনপত্রের সঙ্গে কম্পিউটারে ব্যবহারের জন্য SIF (Student's Information Form) নামে একটি ফরম পূরণ করতে হবে। আবেদনপত্রের সাথে সরবরাহকৃত ভর্তি নির্দেশিকায় এ ফরম পূরণের সব নির্দেশাবলী এবং ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করতে হবে। উচ্চ নির্মাণবলী ডায়ালগের সঙ্গে সতর্কতার সাথে SIF ফরম পূরণ এবং ভর্তি ফর্মের সম্পূর্ণ করতে হবে।

নি-১৩৮/২০০৩

ফরিদউদ্দিন আহমেদ
উপ-রেক্টর (শিক্ষা)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।